## অভিভাবকদের জন্য বিজ্ঞপ্তি

অভিভাবকত্ব গ্রহণের সাথে আপনি একটি গুরুত্বপূর্ণ নাগরিক দায়িত্ব পালন করলেন। আপনি একটি দায়িত্ব নিলেন , যা আপনি সচেতন ও দায়িত্বের সাথে শুধুমাত্র দত্তকের স্বার্থে পালন করিবেন

অভিভাবকত্ব সম্পর্কিত আইনী বিধান সিভিল কোড (BGB) (§§ ধারা ১৭৭৩ থেকে ১৮০৮) এ রয়েছে। অপ্রাপ্ত বয়স্ক বা অভিভাবকের রক্ষণাধীন ব্যক্তির (ওয়ার্ড) যত্ন নেওয়ার অধিকার এবং দায়িত্ব সিভিল কোডের (BGB) §§ ধারা ১৬৩১এ থেকে ধারা ১৬৩২ (§ ১৭৯৫ সিভিল কোড BGB) অনুযায়ী নির্ধারিত হয়। আপনাকে এই মর্মে আহবান জানানো হচ্ছে যে আপনি এই নিয়মগুলি সম্পর্কে জানুন।

### নিম্নলিখিত নির্দিষ্ট বিশেষ বিষয় সমূহ :

ক) আপনার অধিকার এবং দায়িত্ব হল, যার অভিভাবকত্ব নেবেন তার এবং তার সম্পত্তির তদারক এবং তার প্রতিনিধিত্ব করা , আপনি প্রতিনিধিত্ব করতে পারবেন না সেই সব বিষয় , যেমন আইনি লেনদেন ও মামলা - নিজের নামে অথবা তৃতীয় পক্ষের প্রতিনিধি হিসেবে -, আপনার স্ত্রী , নিবন্ধিত জীবন সাথী অথবা বংশানু ক্রমিক আত্মীয় এবং অন্যান্য বিষয় সেখানে অভিভাবকত্বের সম্পর্ক জড়িত আছে।

১. দেখাশুনার দায়িত্বের অন্তর্ভুক্ত হচ্ছে অধিকার এবং কর্তব্য, দত্তককে মানুষ করে তোলা , তার দেখাশোনা করা এবং তার বাসভবন নির্ধারণ করা। এর সাথে আরও আছে দত্তকের সাথে তার মানসিক বিকাশ অনুযায়ী এসব বিষয় নিয়ে আলাপ করা। দত্তকের আবাসনের জন্য , যেটা তার স্বাধীনতা হরণ বা ইচ্ছার বিরুদ্ধে বা পক্ষের সাথে জড়িত , তাঁর জন্য আপনার পারিবারিক আদালত থেকে অনুমতির প্রয়োজন আছে।

২. ওয়ার্ডের সম্পদের যত্নের দায়িত্ব নেওয়ার কারণে আপনাকে এই সম্পদগুলিকে সঠিকভাবে পরিচালনা, রক্ষণাবেক্ষণ করতে এবং রক্ষণাবেক্ষণের সময় যে কোন দাবি পূরণ করতে বাধ্য করে।

আপনি যখন আপনার পোস্টটি গ্রহণ করেন, আপনি ফ্যামিলি বা পারিবারিক আদালতে আদালতের ফরম্যাটে ওয়ার্ডের সম্পদের একটি তালিকা জমা দেন এবং এটি সঠিক ও সম্পূর্ণ বলে প্রত্যয়ন করেন। যদি পরবর্তীতে ওয়ার্ডের আরও সম্পদ থাকে, তাহলে সেগুলি সেই তালিকাতে যোগ করুন।

আপনি ওয়ার্ডের সম্পদ নিজেদের জন্য ব্যবহার করতে পারবেন না। আপনার ওয়ার্ডের সম্পদ থেকে কোনো দান করার অনুমতি নেই, যদি না একটি নৈতিক দায়িত্ব বা শালীনতার বিবেচনা পূরণ করা হয়।

ওয়ার্ডের অর্থ, যা তার খরচের জন্য প্রয়োজন (নিষ্পত্তির বা ডিস্পোজাল অর্থ), একটি ব্যাঙ্কে ওয়ার্ডের কারেন্ট অ্যাকাউন্টে রেডি বা প্রস্তুত রাখা উচিত।

F 550 Merkblatt für Vormundinnen und Vormünder (Bengali) (1.23)

ওয়ার্ডের অর্থ যেটি নিষ্পত্তির বা ডিস্পোজাল অর্থ হিসাবে প্রয়োজন হয় না তা ওয়ার্ডের একটি ব্যাঙ্ক (বিনিয়োগ অ্যাকাউন্ট) সহ একটি সুদ-বহনকারী অ্যাকাউন্টে বিনিয়োগ করতে হয় (বিনিয়োগের অর্থ)। সংশ্লিষ্ট ব্যাঙ্ক অবশ্যই একটি গ্যারান্টি স্কিমের অন্তর্গত হতে হবে যা সংশ্লিষ্ট বিনিয়োগের জন্য যথেষ্ট। অন্য যেকোনো ধরনের বিনিয়োগের জন্য পারিবারিক আদালতের অনুমোদন প্রয়োজন। আপনি বিশেষভাবে অনুরোধ না করে ওয়ার্ড সম্পদের প্রশাসনের জন্য পারিবারিক আদালতে একটি অ্যাকাউন্টে জমা দেন, যদি না অন্য নিয়ম নির্দিষ্ট করা হয়, অ্যাকাউন্টিং বছরের শেষের এক মাসের মধ্যে। সেখানে আয় এবং ব্যয়ের একটি সুশৃঙ্খল সারাংশ থাকতে হবে, প্রতিটা ট্রান্সএকশনের জন্য রসিদ সংযুক্ত করা আবশ্যক।

খ) দত্তককে দেখাশুনার বিষয়ে আপনার আইনি লেন দেনের জন্য পারিবারিক আদালতের কাছ থেকে বেশ কিছু বিষয়ের জন্য অনুমতির দরকার হবে, যার মধ্যে

প্রথমে আছে :

১. দত্তকের দাবীর উপাস্থাপনা ।

২. ভুসম্পদের বিষয় আইনি লেনদেন অথবা ভুসম্পদের উপর অধিকার উধারন স্বরূপ ভুসম্পত্তি কেনা অথবা বেচা অথবা বন্ধক বা অন্যান্য আইনের অধিকারের জন্য সম্পত্তির উপর চাপের ক্ষেত্রে ।

৩. সামগ্রিক ভাবে সম্পত্তি প্রাপ্তি অথবা উত্তরাধিকারের বিষয় বা ভবিষ্যতে সম্পদের আইনি উত্তরাধিকার প্রসঙ্গে ।

৪. উত্তরাধিকার এর দ জন্য অথবা সম্পত্তির উত্তরাধিকার সম্পর্কে একটি চুক্তি ।

৫. কেনা , বেচা , নির্মাণ অথবা অধিগ্রহণ বা ব্যবসা নিষ্পত্তি করে দেয়া ।

৬. কোন একটি ভাড়া বা ইজারা চুক্তি , অথবা অন্য কোন চুক্তি যার মাধ্যমে দত্তক আবর্তক চুক্তির প্রতি প্রতিশ্রুতবদ্ধ থাকিবে , যদি চুক্তির মেয়াদ দত্তকের প্রাপ্ত বয়স হওয়ার পর এক বছর অতিক্রম করে এবং সেটাকে চালিয়ে নিতে হবে ।

৭. একটি বৃত্তিমূলক প্রশিক্ষণ চুক্তি , যার পরিসমাপ্তি এক বছর শেষ হওয়ার আগে সম্ভব নয় ।

৮. দত্তকের ঋণ প্রাপ্তির জন্য ,

৯. একটি গ্যারান্টির বিষয়ে পদক্ষেপ রাখা ।

১০. বিতর্কিত আইটেমের মূল্য ৬,০০০,০০ ইউরো ছাড়িয়ে গেলে একটি

নিষ্পত্তি বা সালিশ চুক্তিতে। (এটি প্রযোজ্য হবে না যদি নিষ্পত্তিটি একটি লিখিত বা নথিভুক্ত আদালতের নিষ্পত্তি প্রস্তাবের সাথে মিলে যায়)।

একটি চুক্তি যা প্রয়োজনীয় অনুমতির আগেই সম্পন্ন করা হয়ে থাকলে ,সেটাকে প্রথমে অকার্যকর ধরা পৃষ্ঠা ৩
হবে । আপনি পরে পারিবারিক আদালত থেকে অনুমতি তুলতে পারবেন এবং এগুলো চুক্তির অপর পক্ষকে
জানাবেন । এটা যথেষ্ট নয় যে , এই অনুমতি শুধু তৃতীয় পক্ষের মাধ্যমে অভিহত করা হবে । আপনি অবশ্যই সিদ্ধান্ত নেবেন, এই চুক্তিপত্র অনুমতি জানানোর মাধ্যমে কার্যকর করবেন কিনা ।একটি **একতরফা** আইনি লেনদেন, যার জন্য অনুমতির প্রয়োজন , সেটা শুধুমাত্র আগে নেয়া **অনুমতিতে** কার্যকর হবে ।

গ ) অনুগ্রহ করে আপনার এবং দত্তকের ঠিকানা পরিবর্তনের সংবাদ দেরী না করে পারিবারিক আদালত ও যুব কল্যাণ অফিসকে জানাতে হবে ।

ঘ) পারিবারিক আদালত আপনার সমস্ত কার্যকলাপ দেখাশুনা করবে এবং যুব কল্যাণ অফিস এ বিষয় সাহায্য করবে এবং তারা যে কোন সময় আপনার কাছ্ থেকে তথ্য জানতে চাইবে যে , আপনি কি ভাবে আপনার কাজ করছেন এবং দত্তকের সাথে আপনার সম্পর্কের বিষয় । যুব কল্যাণ অফিস – যদি প্রয়োজন মনে করে -তবে পারিবারিক আদালত আপনাকে আপনার এই বিষয়ে সংশ্লিষ্ট সব প্রশ্নের পরামর্শ দেবে । যদি কেও অভিভাবক হিসেবে তার দায়িত্ব লঙঘন করেন , তাহলে এই দায়িত্ব লঙঘন থেকে উদ্ভুত দত্তকের ক্ষতির জন্য তিনি দায়ী থাকবেন । এই ঝুঁকির জন্য আপনি বীমা করতে পারেন , এ বিষয়ে আরও তথ্য আপনি পারিবারিক আদালত থেকে জানতে পারবেন ।

উ) আপনার দায়িত্ব তখনি শেষ হবে , যখন দত্তক প্রাপ্ত বয়সে পরিনিত হবে অথবা আপনাকে যদি এই কাজ থেকে অব্যহতি দেয়া হয় । আপনি অব্যহতি পেতে পারেন যদি আপনি গুরুত্বপূর্ণ কারণ দেখিয়ে আবেদন করেন অথবা যদি আপনার দ্বারা এই কাজ চালান দত্তকের স্বার্থের জন্য বিপদজনক হতে পারে বলে মনে করেন ।